



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী তালিকাভুক্তির শর্তাবলী

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের জন্য আইন উপদেষ্টা নিয়োগ ও প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির নিমিত্তে নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন আইনজীবীদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

আইন উপদেষ্টার যোগ্যতা

- শিক্ষাগত যোগ্যতা: আইন উপদেষ্টা হিসেবে নিয়োগের জন্য প্রার্থীকে কমপক্ষে আইন বিষয়ে স্নাতক ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।
- অভিজ্ঞতা: আইন উপদেষ্টা নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই সুপ্রীম কোর্টের আপীল বিভাগে তালিকাভুক্ত আইনজীবী হতে হবে এবং হাইকোর্ট বিভাগে ন্যূনতম ২০(বিশ) বছরের মামলা পরিচালনাসহ প্রশাসনিক আদালতে মামলা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তবে উচ্চ আদালত অথবা জেলা আদালতে বিচারক হিসাবে কাজ করে অবসরে গিয়েছেন এবং বর্তমানে প্র্যাকটিস করছেন তাদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।

সম্মানী

- বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত মাসিক সম্মানী (সরকার নির্ধারিত ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক) প্রদান করা হবে।
- মামলা পরিচালনা, আইনগত মতামত, লিগ্যাল নোটিশসহ অন্যান্য আইনগত কাজের জন্য পৃথকভাবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি প্রাপ্য হবেন।

প্যানেল আইনজীবীর যোগ্যতা

- শিক্ষাগত যোগ্যতা: প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য প্রার্থীকে কমপক্ষে আইন বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রীসহ স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে।
- অভিজ্ঞতা: প্যানেল আইনজীবীর ক্ষেত্রে আইনজীবী হিসেবে ন্যূনতম ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে তালিকাভুক্ত আইনজীবীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। তবে উচ্চ আদালত অথবা জেলা আদালতে বিচারক হিসাবে কাজ করে অবসরে গিয়েছেন এবং বর্তমানে প্র্যাকটিস করছেন তাদের ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য।

সম্মানী

- মামলা পরিচালনা, আইনগত মতামত, লিগ্যাল নোটিশসহ অন্যান্য আইনগত কাজের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ফি (সরকার নির্ধারিত ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক) প্রদান করা হবে।

অন্যান্য যোগ্যতা

- অন্যান্য যোগ্যতা: আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।
- পাবলিক বিশ্ববিদ্যালয়ে আইনজীবী হিসেবে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের বাউবি'র আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী হিসেবে নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

আবেদনের শর্তাবলী

আবেদনকারীকে বাউবির নির্ধারিত ফর্মে ২৫/১০/২০২৪ হতে ২৪/১১/২০২৪ তারিখের মধ্যে আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে।

- শিক্ষাগত যোগ্যতার সকল সনদের কপি।
- আবেদনের সঙ্গে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
- জাতীয় পরিচয়পত্র ও টিআইএন (TIN) সার্টিফিকেটের কপি।
- বার কাউন্সিল-এর সনদ, বার কাউন্সিল কর্তৃক সকল পেশাগত সনদসহ সকল সনদের কপি (হাইকোর্ট ও আপীল বিভাগের তালিকাভুক্তির সনদ ও যোগদানের তারিখ/সংশ্লিষ্ট আদালতে তালিকাভুক্তির সনদ ও যোগদানের তারিখ ইত্যাদি সংযুক্ত থাকতে হবে)।
- অন্য এক বা একাধিক প্রতিষ্ঠানের তালিকাভুক্ত আইন উপদেষ্টা ও প্যানেল আইনজীবী হয়ে থাকলে প্রতিষ্ঠানের নাম, ঠিকানাসহ কার্যকালের বিস্তারিত বিবরণ।
- আবেদনকারীকে রেজিস্ট্রার, বাউবি'র অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিতে হবে।
- আইন উপদেষ্টা নিয়োগ ও প্যানেল আইনজীবী তালিকাভুক্তির ক্ষেত্রে এতদসংক্রান্ত নিয়োগ নীতিমালা অনুসরণ করা হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

ড. মহাঃ শফিকুল আলম
রেজিস্ট্রার
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Contact

Registrar's Office, Administrative Building, Bangladesh Open University, Gazipur-1705, Bangladesh
Website: www.bou.ac.bd, <https://bou.ac.bd/Registrar/Office>, email: registrar@bou.ac.bd
Phone: 996691112, 09666730730 Ex 105



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

গাজীপুর-১৭০৫

ছবি

আইন উপদেষ্টা/প্যানেল আইনজীবী পদের আবেদন ফরম

বিজ্ঞপ্তি নং-..... বিজ্ঞপ্তির তারিখ:

বিজ্ঞাপিত পদের নাম:

- ১। প্রার্থীর নাম (বাংলায়) :
- (ইংরেজিতে) :
- ২। পিতা/স্বামীর নাম :
- (খ) মাতার নাম :
- ৩। স্থায়ী ঠিকানা : গ্রাম:, পোস্ট:
- উপজেলা:, জেলা:
- ৪। বর্তমান ঠিকানা ও চেয়ারের ঠিকানা :
- ৫। মোবাইল নম্বর :
- ৬। জাতীয় পরিচয়পত্রের নম্বর :
- ৭। ই-মেইল :
- ৮। টিআইএন নম্বর :
- ৯। জন্ম তারিখ :
- ১০। নির্ধারিত তারিখে বর্তমান বয়স :
- ১১। জাতীয়তা :
- ১২। শিক্ষাগত যোগ্যতা :

ক্রম	পরীক্ষার নাম	শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়

১৩। আইনজীবীর অভিজ্ঞতা:

ক্রম	বার কাউন্সিল/বার এসোসিয়েশনের নাম	সদস্য পদ প্রাপ্তির তারিখ	প্র্যাক্টিসের মেয়াদ
১	বাংলাদেশ বার কাউন্সিল		
২	আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (যদি থাকে)		
৩	হাই কোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (যদি থাকে)		
৪ জেলার বার		

১৫। অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা অথবা প্যানেল আইনজীবী হিসেবে কর্মরত থাকলে বা পূর্বে সংযুক্ত ছিলেন সে অভিজ্ঞতা (যদি থাকে):

ক্রম	প্রতিষ্ঠানের নাম	পদের নাম	অভিজ্ঞতার মেয়াদ

উপরে উল্লেখিত তথ্য আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক বলিয়া স্বাক্ষর করিলাম।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ